ংবাদ

তারিখ 04 MAR 2007
পৃষ্ঠা ৩ কলাম ৪

29

# বুয়েটে তিন তরুণকে গণধোলাই

## যৌথ বাহিনীর হাতে সোপর্দ

যুগান্তর রিপোর্ট

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) ক্যাম্পাসে ঢুকে ছাত্রীদের উত্যক্ত করার অভিযোগে শনিবার দুপুরে ৩ বহিরাগতকে গণধোলাই দিয়েছে ছাত্ররা। পরে ছাত্ররা গণপিটুনিতে আহত তিনজনকে যৌথ বাহিনীর হাতে তুলে দেয়। মোস্তাফিজ, সানোয়ার ও মাহবুব নামে ওই তিনজনকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

পুলিশ জানায়, দুপুর ৩টার দিকে বহিরাগত তিন যুবক বুয়েট ক্যাম্পাসে ঢুকে ছাত্রীদের লক্ষ্য করে অশালীন মন্তব্য করে। এ সময় কয়েকজন ছাত্র তাদের এ ধরনের আচরণের প্রতিবাদ জানায়। কথাকাটাকাটির এক পর্যায়ে ছাত্ররা তাদের গণপিটুনি দিয়ে আটকে রাখে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে তাদের উদ্ধার করতে চাইলে ছাত্ররা যৌথ বাহিনীর সদস্য ছাড়া বহিরাগতদের হস্তান্তর করবে না বলে জানিয়ে দেয়। পরে পুলিশ যৌথ বাহিনীর সদস্যদের খবর দেয়। বিকাল সাড়ে ৪টার দিকে যৌথ বাহিনীর সদস্যরা ঘটনাস্থলে গিয়ে গণপিটুনিতে আহত তিন যুবককে উদ্ধার করে চোখে কালো কাপড় বেঁধে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে আসে। তাদের হাসপাতালের ৩১ নম্বর ওয়ার্ডে ভর্তি করা হয়েছে। এ ব্যাপারে শাহবাগ থানায় যোগাযোগ করা হলে আহতদের বিস্তারিত পরিচয় জানাতে পারেনি পুলিশ।